দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 06 2000
পৃষ্ঠা 1 কলাম 6

38

# চঃবিঃ'র ভিসি প্রোভিসি প্রোক্টর প্রভোস্টদের অপসারণ আন্দোলনের বিকল্প নেই

## –সর্বদলীয় ছাত্র ঐক্য

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ২ জন শিবির নেতা হত্যাকারীদের গ্রেফতার এবং বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবীতে সর্বদলীয় ছাত্র ঐক্য গতকাল শনিবার নগরীর একটি রেস্তোরাঁয় সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সর্বতভাবে ব্যর্থ আখ্যায়িত করে ভিসি-প্রোভিসি, প্রোক্টর ও হল প্রভোস্টদের অপসারণের দাবীতে একদফা আন্দোলনের কর্মসূচী ঘোষণা দেন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রঐক্য নেতা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সম্মেলন প্রস্তুতি কমিটির আহবায়ক মোঃ সেলিম। লিখিত বক্তব্যে উল্লেখ করা হয় যে, বর্তমান আওয়ামী লীগ ক্ষমতাসীন হওয়ার পর থেকে শিক্ষাঙ্গন দখলের যে প্রক্রিয়া শুরু করে তারই অংশ হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একের পর এক হত্যাকাণ্ড ঘটানো হয়। গত ১৯ ডিসেম্বর ছাত্রলীগ ক্যাডারদের প্রকাশ্য ব্রাশ ফায়ারে শিবির নেতা রহিমদ্দিন ও মাহমুদুল হাসান নিহত হলে ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে খুনীদের বহিষ্কার ও গ্রেফতারের দাবী জানানো হয়। কিন্তু ভার্সিটির নির্লজ্জ প্রশাসন খুনীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে তাদের পৃষ্ঠপোষকতায় অবতীর্ণ হয়। অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম-কানুন উপেক্ষা করে অবৈধভাবে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী পদে দলীয় নিয়োগ দিচ্ছে। এমতাবস্থায় সর্বদলীয় ছাত্র ঐক্য বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পূর্ব ঘোষিত অবরোধ হরতালের পাশাপাশি এক দফার

২-এর পৃঃ ৬-এর কঃ দেখন